



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।



বোর্ড বৃত্তির প্রত্যয়ন পত্র জমা দেয়ার বিজ্ঞপ্তি

(যে সকল ছাত্রী ৩০/০৫/২০১৯ ইং তারিখের মধ্যে বোর্ড বৃত্তির প্রত্যয়নপত্র জমা দিতে পারেনি)

তারিখ : ২৯/১০/২০১৯ ইং

ইডেন মহিলা কলেজ, ঢাকায় ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১মবর্ষ অনার্স শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রীদের মধ্যে যারা ২০১৮ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তি পেয়েছে, তারা উচ্চ মাধ্যমিক যে কলেজ হতে পাশ করেছে, বোর্ড, বৃত্তিপ্রাপ্ত ছাত্রীদের তালিকা ঐ কলেজের নামসহ গেজেট আকারে প্রকাশ করেছে। যাদের নাম বৃত্তির তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তাদেরকে নিজ নিজ উচ্চ মাধ্যমিক কলেজ থেকে বৃত্তি পেয়েছ এই মর্মে কলেজ প্যাডে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত (নামের সীলসহ) একটি প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।

উচ্চ মাধ্যমিক কলেজ থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহের সময়, প্রত্যয়নপত্রে যা উল্লেখ থাকতে হবে তা নিম্নে দেয়া হলো :

- ১। বৃত্তিদারী শিক্ষার্থীর নাম
- ২। বোর্ডের নাম (বৃত্তিদারী শিক্ষার্থী যে বোর্ড হতে পাশ করেছে)
- ৩। বিভাগ, (মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা)
- ৪। উচ্চ মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর (অবশ্যই উল্লেখ করতে হবে)
- ৫। বৃত্তির ধরন (টেলেন্টপুল/সাধারণ)
- ৬। বৃত্তির গেজেটের স্মারক নং ও তারিখ
- ৭। প্রত্যয়নপত্রে বৃত্তিদারীর পৃষ্ঠা নম্বর ও বৃত্তির ক্রমিক নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে (যা বৃত্তির গেজেটে রয়েছে)।


প্রত্যয়নপত্রের মূল কপি পেছনে বৃত্তিদারী শিক্ষার্থীর নাম, বর্তমানে অধ্যয়নরত বিভাগের নাম, শিক্ষাবর্ষ ও সম্পূর্ণ শ্রেণী রোল নম্বর এবং ছাত্রীর বর্তমান মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা লিখে অধ্যয়নরত বিভাগের, বিভাগীয় প্রধানের স্বাক্ষর (নামের সীলসহ) করিয়ে সকল কাগজপত্রসহ ইডেন মহিলা কলেজের প্রশাসনিক ভবনের ৩য় তলা হিসাব শাখায় জমা দিতে হবে অন্যথায় বৃত্তি পাওয়া সত্ত্বেও বৃত্তির টাকা উত্তোলন করা সম্ভব হবে না।

প্রত্যয়ন পত্র জমা দেয়ার শেষ তারিখ ৩০/১১/২০১৯ ইং পর্যন্ত, উল্লিখিত তারিখের পরে কোন ক্রমেই প্রত্যয়ন পত্র জমা নেয়া হবে না। উক্ত তারিখের মধ্যে কোন ছাত্রী প্রত্যয়ন পত্র জমা না দিতে পারলে বোর্ডবৃত্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিঃদ্রঃ যারা চতুর্থ বিষয় বাদে জিপিএ ৪.৫০ থেকে জিপিএ ৫.০০ পেয়েছ তারা বোর্ডবৃত্তির জন্য নিজ নিজ উচ্চ মাধ্যমিক কলেজে যোগাযোগ করতে পার।

বৃত্তির গেজেট স্ব স্ব বোর্ডের ওয়েব সাইটের ঠিকানায় পাওয়া যেতে পারে।

উল্লিখিত বিষয়ে ছাত্রীদেরকে অবহিত করার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।


অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২৯/১০/২০১৯